

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৪২(আগরতলা-১৪।০৩)

খোয়াই, ১৪ মার্চ, ২০১৯

খোয়াইয়ে তামাক নিয়ন্ত্রণ বিষয়ক কর্মশালা

খোয়াই জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি খোয়াই টাউন হলে জেলাভিত্তিক জাতীয় তামাক নিয়ন্ত্রণ বিষয়ক একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসনের সিনিয়র ডি সি এম এইচ দেববর্মা। খোয়াই জেলা পুলিশ সুপার কৃষ্ণেন্দু চক্রবর্তী, জেলা হাসপাতালের সুপার ডা. ধনঞ্জয় রিয়াং, জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক সঞ্জিত রূপিনী, ক্যানসার হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ডা. অরুণ রায় প্রমুখ উপস্থিত ছিলেন। স্বাগত ভাষণ দেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. নির্মল সরকার। অতিথিগণ তাদের আলোচনায় তামাক ও তামাকজাতীয় জিনিস ব্যবহার ও সেবনে মানব জীবনের ক্ষতিকারক দিকগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এ বিষয়ে সমাজের সকল অংশের মানুষকে সচেতন করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া টোবাকো কন্ট্রোল আইন ও প্রয়োগবিধি সম্পর্কেও বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষিকা, স্বাস্থ্যকর্মী, সি ডি পি ও-গণ ও বিভিন্ন হাসপাতালের চিকিৎসকগণ অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*